**Professor Dr. M. Enamullah**
**Vice-Chancellor**
**Hajee Mohammad Danesh Science and Technology University (HSTU)**
**Dinajpur-5200, Bangladesh**

**অধ্যাপক ড. মো. এনামউল্যা**
**ভাইস-চ্যান্সেলর**
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (হাবিপ্রবি)
দিনাজপুর-৫২০০, বাংলাদেশ

**অভিনন্দন বার্তা**

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বরাবর
**জনাব মির্জা ফখরুল ইসলাম আলমগীর**
**মহামান্য রাষ্ট্রপতি**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ও
চ্যান্সেলর (আচার্য)
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর
বঙ্গভবন, ঢাকা।

বিষয়: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ উপলক্ষে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

**মহামান্য রাষ্ট্রপতি মহোদয়,**

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি হিসেবে মহান দায়িত্ব গ্রহণ করায় **হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়** পরিবারের পক্ষ থেকে এবং আমার ব্যক্তিগত পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন।

আপনার দীর্ঘ রাজনৈতিক জীবনে গণতন্ত্র, আইনের শাসন, মানবিক মর্যাদা এবং জনগণের অধিকার প্রতিষ্ঠায় যে ভূমিকা আপনি পালন করে এসেছেন, তা দেশের রাজনৈতিক অঙ্গনে আপনাকে একজন অভিজ্ঞ, প্রাজ্ঞ ও দায়িত্বশীল রাজনীতিবিদ হিসেবে প্রতিষ্ঠিত করেছে। আপনার দীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, রাষ্ট্রচিন্তা, প্রজ্ঞা ও দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্ব রাষ্ট্রের সর্বোচ্চ সাংবিধানিক দায়িত্ব পালনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমরা প্রত্যাশা করি।

মহামান্য রাষ্ট্রপতি হিসেবে দায়িত্ব গ্রহণের এই গুরুত্বপূর্ণ সময়ে সংবিধানের প্রতি অবিচল শ্রদ্ধা, রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহের মর্যাদা সমুন্নত রাখা, জাতীয় ঐক্য সুদৃঢ় করা এবং দেশের গণতান্ত্রিক ও প্রাতিষ্ঠানিক অগ্রযাত্রাকে আরও সুসংহত করার ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা ও প্রজ্ঞা গুরুত্বপূর্ণ অবদান রাখবে–এটাই আমাদের একান্ত প্রত্যাশা।

**হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ** দেশের বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর (আচার্য) হিসেবে আপনার প্রাজ্ঞ দিকনির্দেশনা উচ্চশিক্ষা, গবেষণা, উদ্ভাবন, প্রযুক্তিগত উৎকর্ষ এবং মানবসম্পদ উন্নয়নের ক্ষেত্রে নতুন সম্ভাবনার দ্বার উন্মোচন করবে বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি। জ্ঞানভিত্তিক, দক্ষ ও প্রযুক্তি নির্ভর মানবসম্পদ গড়ে তোলার মাধ্যমে দেশের উচ্চশিক্ষা ও গবেষণার অগ্রযাত্রাকে আরও গতিশীল করতে আপনার দিকনির্দেশনা আমাদের জন্য অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

**হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের** শিক্ষা, গবেষণা, উদ্ভাবন ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনের ধারাকে আরও এগিয়ে নিতে চ্যান্সেলর (আচার্য) হিসেবে আপনার সুদৃষ্টি, দিকনির্দেশনা ও সার্বিক সহযোগিতা আমরা আন্তরিকভাবে প্রত্যাশা করছি। আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনার প্রজ্ঞা, অভিজ্ঞতা ও বিচক্ষণ নেতৃত্বে দেশের সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহ আরও শক্তিশালী ও সুসংহত হবে এবং জাতীয় উন্নয়ন, উচ্চশিক্ষা, গবেষণা ও মানবসম্পদ উন্নয়নের অগ্রযাত্রা আরও বেগবান হবে।

মহান আল্লাহ তাআলা আপনাকে দেশ ও জনগণের কল্যাণে এই মহান দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য দীর্ঘায়ু, শক্তি, সামর্থ্য, সুস্বাস্থ্য ও প্রজ্ঞা দান করুন–এই আমাদের আন্তরিক প্রার্থনা।

মহামান্য রাষ্ট্রপতি হিসেবে আপনার সফল দায়িত্ব পালন অব্যাহত থাকুক এবং আপনার নেতৃত্বে বাংলাদেশ শান্তি, সমৃদ্ধি, গণতন্ত্র ও উন্নয়নের পথে আরও এগিয়ে যাক–এটাই আমাদের ঐকান্তিক কামনা।

মহান আল্লাহ আমাদের সহায় হোন।

M Enamullah

**প্রফেসর ড. মো. এনামউল্যা**
**ভাইস-চ্যান্সেলর**
হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর।

E-mail: vice-chancellor@office.hstu.ac.bd, enamullah@juniv.edu, JU Profile: www.juniv.edu/teachers/enamullah, web: www.hstu.ac.bd